সংবাদ

তারিখ ১৮ NOV 2017
পৃষ্ঠা ৬ কলাম ১



*শাহরাস্তি (চাঁদপুর) : স্কুলের জরাজীর্ণ অফিস কক্ষ* -সংবাদ

### শাহরাস্তির উয়ারুক রহমানিয়া হাইস্কুল

# জরাজীর্ণ ভবনে অফিস করছেন শিক্ষকরা : দুর্ঘটনার আশঙ্কা

নোমান হোসেন আখন্দ, শাহরাস্তি (চাঁদপুর)

শাহরাস্তির ঐতিহ্যবাহী শিক্ষাপ্রতিষ্ঠান উয়ারুক রহমানিয়া উচ্চ বিদ্যালয়ে দীর্ঘদিন ধরে ভবন সংকটের কারণে জরাজীর্ণ ভবনে অফিস করছেন শিক্ষকরা। এতে যে কোন মুহূর্তে দুর্ঘটনার আশঙ্কা করছেন শিক্ষকরা। প্রতিনিয়তই শিক্ষকরা জীবনের ঝুঁকি নিয়ে এ জরাজীর্ণ ভবনের নিচে অফিস করে চলেছেন।

জানা গেছে, উপজেলার অন্যতম বৃহৎ-শিক্ষাপ্রতিষ্ঠান হিসেবে স্বীকৃত উয়ারুক রহমানিয়া উচ্চ বিদ্যালয়টি ছাত্রছাত্রী ও ফলাফলের দিক থেকে উপজেলায় শ্রেষ্ঠ প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃত রয়েছে। বর্তমানে এ বিদ্যালয়ে ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণী পর্যন্ত ১৫ শতাধীক শিক্ষার্থী অধ্যায়ন করছেন। প্রতিনিয়তই শ্রেণীকক্ষ সংকটের কারণে ক্লাস নিতে শিক্ষকদের অসুবিধায় পড়তে হয়। কখনও বিদ্যালয়ের মাঠে, বারান্দায়ও ক্লাস নিতে হচ্ছে। শিক্ষক কর্মচারীসহ প্রায় ২০জন জন্য ১টি মাত্র কক্ষ রয়েছে। এ কক্ষটি জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণভাবে রয়েছে। বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক মো. মনির হোসেন জানান, দীর্ঘদিন থেকেই আমরা শ্রেণী কক্ষ সংকট ও শিক্ষকদের অফিস কক্ষের সংকটের কারণে এ জরাজীর্ণ কক্ষেই অফিস করতে হচ্ছে। এতে প্রতিনিয়তই আমরা জীবনের ঝুঁকি নিয়ে এই কক্ষেই অফিস করতে হচ্ছে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুখরঞ্জণ দাস জানান দীর্ঘদিন যাবৎ লেখালেখির পড় ২ বৎসর আগে আমরা ১টি ভবন পেয়েছি। শিক্ষার্থীদের সংখ্যা বেশি হওয়ায় আমরা এখনও শ্রেণীকক্ষের সংকট ও শিক্ষকদের অফিস কক্ষের সংকটে রয়েছি।

শিক্ষকরা জরাজীর্ণ এ ঝুঁকিপূর্ণ কক্ষে অফিস করতে হচ্ছে। আমরা ভবনের জন্য একটি আবেদন করেছি। ভুক্তভোগী শিক্ষার্থী ও স্থানীয় অভিভাবকরা অতি দ্রুত এ বিদ্যালয়ে শ্রেণীকক্ষ সংকট শিক্ষকদের অফিসকক্ষের জন্য ভবন অনুমোদন দিতে শিক্ষামন্ত্রী, সংসদ সদস্য ও স্থানীয় প্রশাসনের হস্তক্ষেপ কামনা করছি।